গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রাথমিক শিক্ষা অফিসারের কার্যালয়
সুনামগঞ্জ

নজরুল বর্ষ

# নিয়োগপত্র

স্মারক নং-৩৮.৪৬.৯০০০.০০০.১৭.০০১.২৬.১৬০৬

তারিখ : ১১ আশ্বিন ১৪৩৩ বাংলা / ২৭ সেপ্টেম্বর ২০২৬ খ্রিস্টাব্দ

প্রাথমিক শিক্ষা অধিদপ্তরাধীন রাজস্বখাতভুক্ত সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা, ২০২৫-এর ফলাফলের ভিত্তিতে কেন্দ্রীয় প্রাথমিক বিদ্যালয় শিক্ষক নিয়োগ কমিটি কর্তৃক সুপারিশকৃত এবং প্রাথমিকভাবে নির্বাচিত নিম্নোক্ত প্রার্থীগণকে জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী বেতনস্কেল : টাকা ১১০০০-২৬৫৯০ (গ্রেড-১৩) বেতনক্রমে সরকারি প্রাথমিক বিদ্যালয়ে রাজস্বখাতভুক্ত সহকারী শিক্ষকের শূন্যপদে ২নং অনুচ্ছেদের শর্ত অনুযায়ী অস্থায়ী ভিত্তিতে নিয়োগ প্রদান করা হলো।

## উপজেলা : বিশ্বম্ভরপুর

| ক্রমিক নম্বর | রোল নম্বর | উপজেলাভিত্তিক মেধাক্রম | নাম, পিতা/স্বামীর নাম ও মাতার নাম | স্থায়ী ঠিকানা | বর্তমান ঠিকানা |
|---|---|---|---|---|---|
| ০১ | ৫৪১১৫৫৬ | ০৪ | নাম : আশরাফুল আলম<br>পিতা/স্বামী : মোঃ বাবুল হুসেন এমদাদ<br>মাতা : ফাতেমা আক্তার | গ্রাম : লক্ষীরপাড়, ডাকঘর : চিনাকান্দি, উপজেলা : বিশ্বম্ভরপুর, জেলা : সুনামগঞ্জ | গ্রাম : লক্ষীরপাড়, ডাকঘর : চিনাকান্দি, উপজেলা : বিশ্বম্ভরপুর, জেলা : সুনামগঞ্জ |
| ০২ | ৫৪১৩৫৯৫ | ১৪ | নাম : আঁখি বিশ্বাস মুন্নি<br>পিতা/স্বামী : অনিল চন্দ্র বিশ্বাস<br>মাতা : বিনতা রানী বিশ্বাস | গ্রাম : শ্রীধরপুর, ডাকঘর : বিশ্বম্ভরপুর, উপজেলা : বিশ্বম্ভরপুর, জেলা : সুনামগঞ্জ | গ্রাম : শ্রীধরপুর, ডাকঘর : বিশ্বম্ভরপুর, উপজেলা : বিশ্বম্ভরপুর, জেলা : সুনামগঞ্জ |
| ০৩ | ৫৪১০৯২১ | ১৯ | নাম : হিমু আক্তার<br>পিতা/স্বামী : মোঃ রিয়ান উদ্দিন সামরাজ<br>মাতা : রাজিয়া বেগম | গ্রাম : জগন্নাথপুর, ডাকঘর : রতারগাঁও, উপজেলা : বিশ্বম্ভরপুর, জেলা : সুনামগঞ্জ | গ্রাম : জগন্নাথপুর, ডাকঘর : রতারগাঁও, উপজেলা : বিশ্বম্ভরপুর, জেলা : সুনামগঞ্জ |

২। (ক) যোগদানের তারিখ থেকে ০২ (দুই) বৎসর পর্যন্ত চাকরিকাল শিক্ষানবিশকাল হিসেবে গণ্য হবে;
(খ) শিক্ষানবিশকালে কর্মদক্ষতা, আচরণ ও সন্তোষজনক চাকরির রেকর্ড সাপেক্ষে বিধি মোতাবেক চাকরি স্থায়ীকরণের বিষয় বিবেচনা করা হবে এবং শিক্ষানবিশকালে যে কোনো ধরণের অসদাচরণের জন্য কোনো কারণ দর্শানো ব্যতিরেকেই চাকরি হতে অপসারণ করা যাবে;
(গ) শিক্ষানবিশকালে কোনো ধরণের বদলির আবেদন করা যাবে না;
(ঘ) শিশুকে শারীরিক ও মানসিক নির্যাতন করা যাবে না, করলে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে;
(ঙ) নিয়োগপ্রাপ্ত শিক্ষক কর্তৃক যে কোনো সময়ে সরবরাহকৃত যে কোনো তথ্য ও সনদপত্র মিথ্যা/ভুয়া/ত্রুটিপূর্ণ প্রমাণিত হলে এ নিয়োগ আদেশ বাতিল করা হবে এবং প্রচলিত আইনের বিধান অনুযায়ী তাঁর/তাঁদের বিরুদ্ধে ফৌজদারি মামলা দায়ের করা হবে;
(চ) নিয়োগপ্রাপ্ত শিক্ষকগণকে যোগদানের পর সরকার নির্ধারিত ০২ (দুই) মাসের প্রশিক্ষণে অংশগ্রহণ করতে হবে।
(ছ) অন্যূন ০৪ (চার) বৎসরের মধ্যে নির্ধারিত মৌলিক প্রশিক্ষণ (বিটিপিটি) গ্রহণ করতে হবে। উক্ত প্রশিক্ষণ গ্রহণে ব্যর্থ হলে কিংবা অনুত্তীর্ণ হলে তাঁর চাকরি স্থায়ী করা হবে না এবং চাকরি বিধি অনুসারে তাঁর বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হবে;
(জ) চাকরিতে যোগদানকালে তাঁকে যোগদানপত্রের সাথে ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, তিনি নিজে বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোনো যৌতুক নিবেন না এবং কোনো যৌতুক দিবেন না;
(ঝ) এ নিয়োগ আদেশে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে তাঁর চাকরি সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধি-বিধান ও আদেশ প্রযোজ্য হবে এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান ও আদেশ অনুসারে তাঁর চাকরি নিয়ন্ত্রিত হবে।

৩। নিয়োগপ্রাপ্ত শিক্ষকগণকে জেলা প্রাথমিক শিক্ষা অফিসে স্বশরীরে উপস্থিত হয়ে নির্ধারিত তারিখে চাকরিতে যোগদান করতে হবে।

৪। অনুচ্ছেদ ১, ২ ও ৩-এ উল্লিখিত শর্তাবলী তাঁর নিকট গ্রহণযোগ্য বিবেচিত হলে আগামী ০১ অক্টোবর ২০২৬ তারিখ বৃহস্পতিবার অফিস চলাকালীন জেলা প্রাথমিক শিক্ষা অফিসে যোগদান করবেন। নির্ধারিত তারিখে চাকরিতে যোগদান না করলে তিনি চাকরিতে যোগদান করতে সম্মত নন বলে ধরে নেয়া হবে এবং এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

৫। নিয়োগকৃত শিক্ষকগণ বেতন-ভাতাদি "প্রাতিষ্ঠানিক কোড নং ১২৪০২০৯০০০০০০ সরকারি প্রাথমিক বিদ্যালয়সমূহ"-এর বেতন-ভাতাদি খাত হতে প্রাপ্য হবেন।

৬। প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের জারিকৃত নিয়োগ বিজ্ঞপ্তির স্মারক নং ৩৮.০১.০০০০.১৪৩.১১.০১০.২৫-২০৭, তারিখ : ০৫ নভেম্বর ২০২৫ খ্রি. অনুসারে এ নিয়োগ প্রদান করা হলো।

মোহন লাল দাস
জেলা প্রাথমিক শিক্ষা অফিসার
সুনামগঞ্জ
ফোন : ০২৯৯৮৮৪২১১০
ই-মেইল : dpeosunam@gmail.com

CamScanner

স্মারক নং-৩৮.৪৬.৯০০০.০০০.১৭.০০১.২৬.১৬০৬(১০)

তারিখ : ১১ আশ্বিন ১৪৩৩ বাংলা / ২৭ সেপ্টেম্বর ২০২৬ খ্রিস্টাব্দ

অনুলিপি : জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
০২। বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, সিলেট বিভাগ, সিলেট।
০৩। জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
০৪। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ৩য় ফেজ (৫ম তলা), সেগুনবাগিচা, ঢাকা।
০৫। উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ।
০৬। উপজেলা হিসাবরক্ষণ অফিসার, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ।
০৭। জনাব ..........................................................................., প্রযত্নে ...............................................................................
গ্রাম/মহল্লা ................................................................,ডাকঘর/পোস্ট ...........................................................................
কোড ................................................ উপজেলা- বিশ্বম্ভরপুর, জেলা-সুনামগঞ্জ।
০৮। সংরক্ষণ নথি।

মোহন লাল দাস
জেলা প্রাথমিক শিক্ষা অফিসার
সুনামগঞ্জ